বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৬৩

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম হতে সতর্ক থাকার জন্য বিনিয়োগকারীদের জন্য সতর্কবার্তা।**

১। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারকচক্র পুঁজিবাজারে বিনিয়োগের জন্য লোভনীয় প্রস্তাব করে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রাথমিক অনুসন্ধানে কিছু ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের সন্ধান পাওয়া গেছে। ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের নাম ও লিংক নিম্নে প্রদান করা হলো:

| ক্রম | আইডি/গ্রুপের নাম | লিংক |
|---|---|---|
| ১ | শখের শেয়ার বাজার | https://www.facebook.com/ profile.php?id=61579790072044 |
| ২ | BD STOCK EXCHANGE (DSE & CSE) | https://www.facebook.com/ groups/391580888653809/ |
| ৩ | Momin Dse | https://www.facebook.com/ groups/391580888653809/user/ 100016058347627/ |
| ৪ | Ashakaa Rasul Noomani | https://www.facebook.com/groups/391580888653809/user/ 100008105401350/ |
| ৫ | শেয়ার মার্কেট সাকসেস স্ট্রাটেজিস | https://www.facebook.com/ groups/391580888653809/ user/61 574056896483/ |
| ৬ | বাজার বিশ্লেষণ | https://www.facebook.com/profile.php?id=61579257136367 |
| ৭ | আশিকুর রহমান আশিক | https://www.facebook.com/asikura.rahamana.asika.371807 |
| ৮ | Anika Sarah (Consultancy Assetmanagement) | https://www.facebook.com/anika.sarah.142 |
| ৯ | PUBLIC BUSINESS CLUB | https://www.facebook.com/groups/1421914744614689/ |
| ১০ | Planned Investment | https://www.facebook.com/groups/1768873286596084/ |
| ১১ | Caleb Wright | https://www.facebook.com/profile.php?id=61579983105760 |

এসকল ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের মাধ্যমে নিয়মিতভাবে পুঁজিবাজারে বিভিন্ন সিকিউরিটিজের মূল্য হ্রাস-বৃদ্ধি বিষয়ে বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে যা বেআইনি। Bangladesh Securities and Exchange Commission (Research Analyst) Rules, 2013 অনুযায়ী শুধুমাত্র (1) Merchant Bankers, (2) Stock-dealer/Stock-brokers, (3) Asset Management Companies, (4) Investment Advisers এবং (5) Independent Research Firms প্রতিষ্ঠানসমূহ Research Analyst হিসেবে নিবন্ধিত হয়ে Research Report প্রকাশ করতে পারে এবং উক্ত Research Report এর মাধ্যমে পুঁজিবাজারের সিকিউরিটিজের মূল্য সম্পর্কে মতামত/পরামর্শ প্রদান করতে পারে। এক্ষেত্রে উল্লিখিত গ্রুপ/আইডি সমূহ এই আইনের আওতায় নিবন্ধিত নয়। এমতাবস্থায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ধরনের বিনিয়োগ পরামর্শ গ্রহণের বিষয়ে সতর্ক থাকার জন্য সাধারণ বিনিয়োগকারীগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। পুঁজিবাজারে বিনিয়োগের জন্য বিও আইডি থাকা (BO ID) আবশ্যক, যা নিবন্ধিত স্টক ব্রোকার বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট এর মাধ্যমে খোলা হয়। নিজ নামে বিও হিসাব (BO ID) ব্যতিরেকে এবং নিবন্ধিত স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারের মাধ্যম ছাড়া পুঁজিবাজারে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় বা আর্থিক লেনদেন না করার জন্যও অনুরোধ করা হলো। উল্লেখ্য, সিকিউরিটিজ বা শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত লেনদেন বিনিয়োগকারীর নিজ নামে পরিচালতি বিও হিসাব (BO ID)-এ সঠিকভাবে প্রতিফলিত হচ্ছে কিনা তা নিশ্চিত হওয়া আবশ্যক। বিনিয়োগকারীর নিজ স্বার্থেই এ বিষয়গুলোতে বিনিয়োগকারীদের বিশেষভাবে সতর্কতা অবলম্বনের অনুরোধ করা হলো।

৩। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারক চক্রের বিষয়ে বা পুঁজিবাজার সংক্রান্ত যে কোন অনিয়মের বিষয়ে তথ্য পাওয়া গেলে তা কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্টের ই-মেইলে (intel@sec.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

০৯/০৯/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র